সারা বাংলা কৃষক সোসাইটি
Sara Bangla Krishak Society (SBKS)

VACANCY ANNOUNCEMENT

SBKS, an FAO achievement awardee registered apex producers' organization in Bangladesh. It is an alliance of 135 commodity-based producer cooperatives in 30 districts, mostly in climate hotspots. SBKS's outstanding work through the Missing Middle Initiative (MMI) financed by the Global Agriculture and Food Security Program (GAFSP) has empowered over 10,000 smallholder farmers, enhanced food security, and boosted the rural economy. SBKS and FAO have launched a four-year project titled, 'Accelerating Economic and Social Inclusion for Smallholder Farmers through Strong Producer Organizations (ACCESS)'. To implement ACCESS project, we are looking for various positions who can consistently backstopped farmers organizations. Details of this VA and Terms of Reference (ToR) for each position is attached herewith.

Please apply online and drop your CV along with a covering letter and pp-size digital photograph at https://www.sarabangla.org/career/. **Mention the name of the position you are applying for in the subject line.**

Application Deadline: 10 January 2024

নিয়োগ বিজ্ঞপ্তি

সারা বাংলা কৃষক সোসাইটি (এসবিকেএস) জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) কৃতিত্ব পুরস্কারপ্রাপ্ত কৃষক উৎপাদনকারি সমবায়গুলোর নিবন্ধিত শীর্ষ সংগঠন । এটি ১৩৫ টি পণ্য-ভিত্তিক উৎপাদনকারি সমবায়ের একটি জোট। এর কার্যক্রম জলবায়ু প্রতিপন্ন ৩০ টি জেলায় বিস্তৃত। গ্লোবাল এগ্রিকালচার অ্যান্ড ফুড সিকিউরিটি প্রোগ্রাম (GAFSP) দ্বারা অর্থায়ন করা মিসিং মিডল ইনিশিয়েটিভ (MMI) এর মাধ্যমে **এসবিকেএস** -এর অসামান্য কাজ ১০,০০০ এরও বেশি ক্ষুদ্র কৃষককে ক্ষমতায়িত করেছে, খাদ্য নিরাপত্তা উন্নত করেছে এবং গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করেছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার প্রত্যক্ষ তত্ত্বাবধানে শক্তিশালী উৎপাদনকারী সংগঠনের মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সামাজিক ও অর্থনৈতিক অর্ন্তভূক্তি ত্বরান্বিতকরণের লক্ষ্যে ০৪ বছর মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়নের জন্য সারা বাংলা কৃষক সোসাইটি (এসবিকেএস) এর নিম্নলিখিত পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা	**বয়স**	**যোগ্যতা ও অভিজ্ঞতা**	**বেতন ও সুবিধাদি**
প্রকল্প সমন্বয়কারী-০১	সর্বোচ্চ ৪৫ বছর	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী। তবে সামাজিক বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, কৃষি, কৃষি অর্থনীতি বা পল্লী উন্নয়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। • কৃষি উন্নয়ন সংক্রান্ত প্রকল্প ব্যবস্থাপনায় নূন্যতম পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা • কৃষক সংগঠন এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সাথে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • ইংরেজিতে প্রতিবেদন প্রণয়ন, উপস্থাপন, আন্ত:ব্যক্তিক যোগাযোগ দক্ষতা থাকত হবে।	সর্বসাকূল্যে মাসিক বেতন ৫০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী

পদের নাম ও সংখ্যা	বয়স	যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও সুবিধাদি
		• এফএও টুলস্ যেমন- এমবিউইন সফটওয়ার, রুরালইনভেস্ট টুলকিট, ডট কালেক্ট মোবাইল ইত্যাদি সম্পর্কে ধারণা থাকতে হবে।	
আঞ্চলিক সমন্বয়কারী-০২ (উপকূলীয় অঞ্চল/ বরেন্দ্র অঞ্চল)	সর্বোচ্চ ৪০ বছর	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। • কৃষি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নূন্যতম ০৩ বছরের অভিজ্ঞতা। • কৃষক সংগঠন এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সাথে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • এফএও টুলস্ যেমন- এমবিউইন সফটওয়ার, রুরালইনভেস্ট টুলকিট, ডট কালেক্ট মোবাইল ইত্যাদি সম্পর্কে ধারণা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।	সর্বসাকূল্যে মাসিক বেতন ৩০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী
হিসাব রক্ষণ কর্মকর্তা-০১	সর্বোচ্চ ৪০ বছর	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। • হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে নূন্যতম ০৩ বছরের অভিজ্ঞতা। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • এফএও টুলস্ এমবিউইন সফটওয়ার সম্পর্কে ধারণা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।	সর্বসাকূল্যে মাসিক বেতন ৩০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী

অন্যান্য শর্তাবলী:

- কৃষক সংগঠনের সাথে সরাসরি সম্পৃক্ত যোগ্য নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। শিক্ষানবিশকাল শেষে কর্মমূল্যায়নের ভিত্তিতে প্রকল্প মেয়াদ পর্যন্ত চাকুরীর মেয়াদ বর্ধিত করা হবে।
- আগ্রহী প্রার্থীদের ১০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে 'সভাপতি/সাধারণ সম্পাদক, সারা বাংলা কৃষক সোসাইটির ওয়েবসাইটে (https://www.sarabangla.org/career/) অনলাইন আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে কর্মাভিজ্ঞতার বিবরণসহ ইংরেজিতে জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ডিজিটাল ছবি (300 pixels X 300 pixels; max size 25KB) সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীদের মধ্য হতে শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য ডাকা হবে। ফোন বা অন্যান্য উপায়ে যেকোন প্রকার অনুরোধ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে। SBKS একটি সমান কর্মসংস্থান প্রদানকারী।
- নিয়োগ পরীক্ষার পদ্ধতি, তারিখ, সময় ও স্থান ইমেইল ও এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ বা ব্যাখ্যা ছাড়াই আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

সারা বাংলা কৃষক সোসাইটি

Sara Bangla Krishak Society (SBKS)

কার্যপত্র (Terms of Reference)

পদের নাম	:	**জাতীয় প্রকল্প সমন্বয়কারী**
প্রকল্পের নাম	:	শক্তিশালী উৎপাদনকারি কৃষক সংগঠন গড়ে তোলার মাধ্যমে ক্ষুদ্র কৃষকদের আর্থিক ও সামাজিক অন্তর্ভূক্তি ত্বরান্বিতকরণ (এক্সেস) Accelerating Economic and Social Inclusion of Smallholder Farmers through Strong Producers' Organizations (ACCESS)
কর্মস্থল	:	রংপুর/বগুড়া (রংপুর/বগুড়া ও বরিশাল অঞ্চলে নিয়মিত যাতায়াত করতে হবে)
চুক্তির মেয়াদ	:	৪ বছর (প্রতি বছর সন্তোষজনক কর্মদক্ষতার ভিত্তিতে বার্ষিক ভিত্তিতে চুক্তি বাড়ানো হবে)
যোগদানের তারিখ	:	যত দ্রুত সম্ভব
কর্মঘন্টা	:	পূর্ণকালীন (সপ্তাহে সর্বনিম্ন ৪০ ঘন্টা)
বেতন	:	সর্বসাকুল্যে মাসিক বেতন ৫০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী
দায়িত্ব ও কতর্ব্য	:	• প্রকল্প বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন এবং এই পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করা • প্রকল্প কর্মীদের কার্যপত্র (ToR) তৈরি এবং প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় কর্মী নিয়োগের ব্যবস্থা করা • সারা বাংলা কৃষক সোসাইটি (এসবেকিএস)-এর নির্বাহী কমিটিকে কর্মী নিয়োগে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার, আবেদনপত্র গ্রহণ, নিয়োগ পরীক্ষা আয়োজন, নিয়োগ চূড়ান্তকরণ এবং নিয়োগপত্র ইস্যু করার ক্ষেত্রে সহায়তা করা • কর্মীদের মধ্যে কাজ বন্টন এবং পরিকল্পনা অনুযায়ী কর্মীদের কাজের তদারকি করা • প্রকল্পের লক্ষ্য অর্জনে কর্মীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করা • এসবিকেএস এবং এফএও কর্তৃক প্রণীত উৎপাদনকারী সংগঠন গড়ে তোলার নির্দেশিকা, সংগঠন পরিচালন নির্দেশিকা, ঘূর্ণায়মান ঋণ নীতিমালা ইত্যাদি অনুযায়ী নতুন নতুন উৎপাদনকারী সংগঠন গড়ে তোলা, সংগঠন শক্তিশালীকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক হিসাব ব্যবস্থাপনা, ডিজিটাল সাক্ষরতা, অংশগ্রহণমূলক ব্যবসা পরিকল্পনা প্রণয়ন, সংগঠনের পরিপক্কতা মূল্যায়ন ইত্যাদি কাজ বাস্তবায়নে নেতৃত্ব প্রদান • নীতিমালা/নির্দেশিকা অনুযায়ী উৎপাদনকারী সংগঠনের সাধারণ সেবা কেন্দ্র গড়ে তোলা এবং ঘূর্ণায়মান ঋণ তহবিল বিতরণ করা • এফএও-এর সহযোগিতায় উৎপাদনকারী সংগঠন এবং এসবিকেএস এর মধ্যে কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত চুক্তিপত্র (Letter of Agreement) প্রণয়ন করা এবং যে কোন আর্থিক লেনদেনের পূর্বে চুক্তি স্বাক্ষর করা • এসবেকিএস এবং এফএও অনুসৃত নীতিমালা অনুযায়ী সকল ক্ষেত্রে জেন্ডার সমতার নির্দেশক অর্জন করা • এসবিকেএস এর সদস্য সংগঠনের সাথে সুসম্পর্ক স্থাপন করে তাদের কর্মকান্ড পরিবীক্ষণ, মূল্যায়ন এবং উন্নয়ন ও অগ্রগতির জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান • এসবিকেএস এবং এফএও চাহিদা অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন করা • দাতা সংস্থা (GAFSP)এবং তদারকি সংস্থার (FAO) চাহিদা অনুযায়ী তথ্য-উপাত্ত সংরক্ষণ ও সরবরাহ করা • এসবিকেএস এর পক্ষে বিভিন্ন সভা, সেমিনার বা কর্মশালায় প্রতিনিধিত্ব করা

		• এসবিকেএস এর সদস্য সংগঠনের চাহিদা অনুযায়ী প্রকল্প প্রস্তাব প্রণয়ন, দাতা সংস্থার সাথে যোগাযোগ এবং সংস্থার তহবিল বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ নেওয়া • সরকারি সম্প্রসারণ সংস্থা/ফোকাল পয়েন্ট, বেসরকারি প্রতিষ্ঠান, ব্যাংক, দাতা সংস্থা, তদারকি সংস্থা যেমন-এফএও, এসবিকেএস নির্বাহী কমিটি সাথে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে কার্যকর সমন্বয় করা • এসবিকেএস এর কার্যনির্বাহী কমিটির তত্ত্বাবধানে এফএও'র প্রকল্প বাস্তবায়ন সহযোগী ইউনিটের সাথে সমন্বয় করে আর্থিক ও প্রশাসনিক কর্মকান্ডসহ সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা। • তিনি সারা বাংলা কৃষক সোসাইটির নিকট দায়বদ্ধ থাকবেন এবং পরামর্শানুযায়ী কাজ করবেন।
যোগ্যতা	:	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী। তবে সামাজিক বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, কৃষি, কৃষি অর্থনীতি বা পল্লী উন্নয়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। • কৃষি উন্নয়ন সংক্রান্ত প্রকল্প ব্যবস্থাপনায় নূন্যতম পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা • কৃষক সংগঠন এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সাথে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • বাংলা এবং ইংরেজি ভাষায় প্রতিবেদন প্রণয়ন, উপস্থাপন, আন্ত:ব্যক্তিক যোগাযোগ দক্ষতা থাকতে হবে। • এফএও টুলস্ যেমন- এমবিউইন সফটওয়ার, রুরালইনভেস্ট টুলকিট, ডট কালেক্ট মোবাইল ইত্যাদি সম্পর্কে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • নারী প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।

সারা বাংলা কৃষক সোসাইটি
Sara Bangla Krishak Society (SBKS)

কার্যপত্র (Terms of Reference)

পদের নাম	:	**অঞ্চলিক প্রকল্প সমন্বয়কারী**
প্রকল্পের নাম	:	শক্তিশালী উৎপাদনকারি কৃষক সংগঠন গড়ে তোলার মাধ্যমে ক্ষুদ্র কৃষকদের আর্থিক ও সামাজিক অন্তর্ভূক্তি ত্বরান্বিতকরণ (এক্সেস) Accelerating Economic and Social Inclusion of Smallholder Farmers through Strong Producers' Organizations (ACCESS)
পদের সংখ্যা	:	২ টি
কর্মস্থল	:	১ টি রংপুর/বগুড়া (বরেন্দ্র অঞ্চলে নিয়মিত যাতায়াত করতে হবে) ১ টি বরিশাল (উপকূলীয় এলাকায় নিয়মিত যাতায়াত করতে হবে)
চুক্তির মেয়াদ	:	৪ বছর (প্রতি বছর সন্তোষজনক কর্মদক্ষতার ভিত্তিতে বার্ষিক ভিত্তিতে চুক্তি বাড়ানো হবে)
যোগদানের তারিখ	:	যত দ্রুত সম্ভব
কর্মঘন্টা	:	পূর্ণকালীন (সপ্তাহে সর্বনিম্ন ৪০ ঘন্টা)
বেতন	:	সর্বসাকূল্যে মাসিক বেতন ৩০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী
দায়িত্ব ও কতর্ব্য	:	• মাঠ পর্যায়ে উৎপাদনকারী সংগঠনের সুশাসন ও জেন্ডার, মূল্যসংযোজন ধারায় উপযুক্ত ব্যবসা নির্বাচন, ঘূর্ণায়মান ঋণ কার্যক্রম বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে অংশগ্রহণমূলক প্রশিক্ষণ আয়োজন এবং পরিচালনা করা • রুরাল ইনভেস্ট টুলকিট ব্যবহার করে উৎপাদনকারী সংগঠনের ব্যবসা পরিকল্পনা প্রণয়ন করা • এসবিকেএস নির্বাহী কমিটি এবং এফএও-র আঞ্চলিক সমন্বয়কারীর সাথে আলোচনা করে অংশগ্রহণমূলক পদ্ধতি কৃষক ব্যবসা সহায়ক (এফবিএফ) নির্বাচন এবং তাদের দক্ষতা বৃদ্ধিতে অভিজ্ঞ কৃষক ব্যবসায় সহায়ক (এফবিএফ) দের সহায়তা নেওয়া • ব্যবসায়িক স্বার্থসংশ্লিষ্ট বিষয়- অগ্রাধিকারকরণে বেসরকারি ব্যবসা প্রতিষ্ঠান যথা- উপকরণ সরবরাহকারী/বিক্রেতা ও আড়ৎদার/ক্রেতাদের সাথে উৎপাদনকারী সংগঠনের মধ্যে সভা আয়োজন ও পরিচালনা। • এসবিকেএস এবং এফএও কর্তৃক প্রণীত উৎপাদনকারী সংগঠন গড়ে তোলার নির্দেশিকা, সংগঠন পরিচালন নির্দেশিকা, ঘূর্ণায়মান ঋণ নীতিমালা ইত্যাদি অনুযায়ী নতুন নতুন উৎপাদনকারী সংগঠন গড়ে তোলা, সংগঠন শক্তিশালীকরণ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক হিসাব ব্যবস্থাপনা, ডিজিটাল সাক্ষরতা ইত্যাদি কাজ বাস্তবায়নে সহায়তা করা • নীতিমালা/নির্দেশিকা অনুযায়ী উৎপাদনকারী সংগঠনের সাধারণ সেবা কেন্দ্র গড়ে তোলা এবং ঘূর্ণায়মান ঋণ তহবিল তদারকি করা • স্থানীয় সরকার ও সম্প্রসারণ সংস্থার সাথে সুসম্পর্ক তৈরি করে উৎপাদনকারী সংগঠনসমূহকে সরকারি কারিগরি প্রযুক্তি, সম্প্রসারণ সেবা যেমন- প্রশিক্ষণ, পরামর্শ, উন্নত বীজ ও উপকরণ সেবা প্রাপ্তিতে সহায়তা করা • তদারকি সংস্থা এফএও'র প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে সার্বক্ষনিক সহায়তা প্রদান • উৎপাদনকারী সংগঠন পর্যায়ে তথ্য, উপাত্ত সংরক্ষণে সহায়তা করা • প্রকল্প সমন্বয়কারীর নির্দেশনা অনুযায়ী অগ্রগতি প্রতিবেদনের তথ্য, উপাত্ত প্রদান

	• এসবিকেএস এর পক্ষে বিভিন্ন সভা, সেমিনার বা কর্মশালায় প্রতিনিধিত্ব করা • এসবিকেএস এর সদস্য সংগঠনের চাহিদা অনুযায়ী প্রকল্প প্রস্তাব প্রণয়ন, দাতা সংস্থার সাথে যোগাযোগ এবং সংস্থার তহবিল বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ নেওয়া
যোগ্যতা :	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। • কৃষি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নূন্যতম ০৩ বছরের অভিজ্ঞতা। • কৃষক সংগঠন এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সাথে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • এফএও টুলস্ যেমন- এমবিউইন সফটওয়ার, রুরালইনভেস্ট টুলকিট, ডট কালেক্ট মোবাইল ইত্যাদি সম্পর্কে ধারণা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। • নারী প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।

সারা বাংলা কৃষক সোসাইটি
Sara Bangla Krishak Society (SBKS)

কার্যপত্র (Terms of Reference)

পদের নাম	:	**হিসাব রক্ষণ কর্মকর্তা**
প্রকল্পের নাম	:	শক্তিশালী উৎপাদনকারি কৃষক সংগঠন গড়ে তোলার মাধ্যমে ক্ষুদ্র কৃষকদের আর্থিক ও সামাজিক অন্তর্ভূক্তি ত্বরান্বিতকরণ (এক্সেস) Accelerating Economic and Social Inclusion of Smallholder Farmers through Strong Producers' Organizations (ACCESS)
পদের সংখ্যা	:	১ টি
কর্মস্থল	:	রংপুর/বগুড়া (বরেন্দ্র ও উপকূলীয় অঞ্চলে যাতায়াত করতে হবে)
চুক্তির মেয়াদ	:	৪ বছর (প্রতি বছর সন্তোষজনক কর্মদক্ষতার ভিত্তিতে বার্ষিক ভিত্তিতে চুক্তি বাড়ানো হবে)
যোগদানের তারিখ	:	যত দ্রুত সম্ভব
কর্মঘন্টা	:	পূর্ণকালীন (সপ্তাহে সর্বনিম্ন ৪০ ঘন্টা)
বেতন	:	সর্বসাকুল্যে মাসিক বেতন ৩০,০০০/- এবং সুবিধাদি সংস্থার চাকুরী বিধি অনুযায়ী
দায়িত্ব ও কতর্ব্য	:	• প্রকল্প ও এসবিকেএস এর সকল হিসাব ব্যবস্থাপনা হালনাগাদ রাখা • এসবিকেএস ও প্রকল্পের ক্রয়-বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ • উৎপাদনকারী সংগঠন পর্যায়ে আর্থিক হিসাব রক্ষণে নির্দেশিকা প্রণয়নে সহায়তা করা • বাজেট প্রণয়ন ও আর্থিক প্রতিবেদন তৈরি করা • মাঠ পর্যায়ে এসবিকেএস এর সদস্য উৎপাদনকারী সংগঠনের আর্থিক হিসাব ব্যবস্থাপনা এবং ঘূর্ণায়মান ঋণ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন পরিচালনা করা • এসবিকেএস এবং এফএও কর্তৃক প্রণীত উৎপাদনকারী সংগঠন গড়ে তোলার নির্দেশিকা, সংগঠন পরিচালন নির্দেশিকা, ঘূর্ণায়মান ঋণ নীতিমালা ইত্যাদি অনুযায়ী নতুন নতুন উৎপাদনকারী সংগঠন গড়ে তোলা, সংগঠন শক্তিশালীকরণ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক হিসাব ব্যবস্থাপনা, ডিজিটাল সাক্ষরতা ইত্যাদি কাজ বাস্তবায়নে সহায়তা করা • এসবিকেএস ও উৎপাদনকারী সংগঠন পর্যায়ে তথ্য, উপাত্ত সংরক্ষণে সহায়তা করা • প্রকল্প সমন্বয়কারীর নির্দেশনা অনুযায়ী অগ্রগতি প্রতিবেদনের তথ্য, উপাত্ত প্রদান • এসবিকেএস এর পক্ষে বিভিন্ন সভা, সেমিনার বা কর্মশালায় প্রতিনিধিত্ব করা
যোগ্যতা	:	• যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী। • হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে নূন্যতম ০৩ বছরের অভিজ্ঞতা। • গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বা কৃষকদের আর্থিক সেবা বৃদ্ধিতে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। • এফএও টুলস্ এমবিউইন সফটওয়ার সম্পর্কে ধারণা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। • নারী প্রার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।